

📖 যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৭০৭

১/ বিবিধ

আরবী

خليلي من هذه الأمة أويس القرني
منكر

رواه ابن سعد في " الطبقات " (6 / 113) وعنه ابن عساكر (3 / 107 / 2) عن سلام بن مسكين قال: حدثني رجل قال: فذكره مرفوعا. قلت: ورجاله ثقات، لكنه مرسل، لأن سلام بن مسكين من أتباع التابعين، فالرجل الذي حدثه أحسن أحواله أنه تابعي، ولا يمكن أن يكون صحابيا فثبت أنه مرسل. ثم إن الحديث منكر عندي لقوله صلى الله عليه وسلم في الحديث الصحيح المشهور: " ... وإني أبرأ إلى الله أن يكون لي فيكم خليل، وإن الله قد اتخذني خليلا، كما اتخذ إبراهيم خليلا، ولو كنت متخذا من أمتي خليلا، لاتخذت أبا بكر خليلا الحديث رواه مسلم وغيره

বাংলা

১৭০৭। এ উম্মাতের মধ্য থেকে আমার বন্ধু হচ্ছেন উওয়াইস আলকারনী।

হাদীসটি মুনকার।

হাদীসটিকে ইবনু সা'দ "আতত্ববাকাত" গ্রন্থে (৬/১১৩) বর্ণনা করেছেন, তার থেকে ইবনু আসাকির (৩/১০৭/২) সালাম ইবনু মিসকীন হতে, তিনি বলেনঃ আমাকে এক ব্যক্তি বর্ণনা করে শুনিয়েছেন। তিনি বলেনঃ ... মারফু' হিসেবে।

আমি (আলবানী) বলছিঃ এর বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। কিন্তু সনদটি মুরসাল। কারণ সালাম ইবনু মিসকীন একজন তবে তাবঈ। আর তিনি যে ব্যক্তি থেকে বর্ণনা করেছেন তার সর্বোত্তম অবস্থা হচ্ছে এই যে, তিনি একজন তাবঈ। সে ব্যক্তির সাহাবী হওয়া কোনক্রমেই সম্ভব নয়। অতএব হাদীসটি মুরসাল।

এর পরেও আমার (আলবানীর) নিকট হাদীসটি মুনকার। কারণ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রসিদ্ধ সহীহ হাদীসের মধ্যে বলেছেনঃ “ ... তোমাদের মধ্যে আমার কোন বন্ধু হবে এ থেকে আমি আল্লাহর নিকট মুক্ত। অবশ্যই আল্লাহ তা’য়ালা আমাকে বন্ধু হিসেবে গ্রহণ করেন যে রূপ তিনি ইবরাহীমকে বন্ধু হিসেবে গ্রহণ করেছিলেন। আমি যদি আমার উম্মাতের মধ্যে হতে কাউকে বন্ধু হিসেবে গ্রহণ করতাম তাহলে আবু বাকরকেই বন্ধু হিসেবে গ্রহণ করতাম।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72590>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন